আজকের কাগজ

তারিখ 18 MAY 1996
পৃষ্ঠা ২ কলাম ২

# ঢা.বি. সিনেট থেকে তদন্ত কমিটি গঠনের দাবি

কাগজ প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও তার প্রশাসনের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির যে অভিযোগ পত্রপত্রিকাসহ বিভিন্ন মহল থেকে উত্থাপিত হচ্ছে, তা তদন্তের জন্যে সিনেট থেকে একটি কমিটি গঠনের জন্যে আমরা গত ৬/৭ মে ১৯৯৬ তারিখে অনুষ্ঠিত সিনেট সভায় প্রস্তাব দিয়েছিলাম। সংখ্যাগরিষ্ঠের সে দাবি অগ্রাহ্য করে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট থেকে গত ১৫ মে, ১৯৯৬ তারিখে একটি কমিটি গঠনের যে সংবাদ পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে তা বিভ্রান্তিমূলক। প্রশাসনের দুর্নীতি ও অনিয়মের সঙ্গে সিন্ডিকেটের বহু সিদ্ধান্ত জড়িত বিধায় ও সিন্ডিকেটের অধিকাংশ সদস্য দলীয় ভিত্তিতে মনোনীত বিধায় সিন্ডিকেট কমিটি যে অর্থহীন হবে তা বলার অপেক্ষা রাখে না।

এমতাবস্থায় সিন্ডিকেট কমিটির পরিবর্তে অবিলম্বে সিনেট থেকে একটি তদন্ত কমিটি গঠনের জন্যে আমরা পুনরায় আহবান জানাচ্ছি। প্রশাসনের স্বচ্ছতা নিশ্চিতকরণের স্বার্থে বর্তমানে এর কোনো বিকল্প নেই বলে আমরা মনে করি। বিবৃতিদাতাদের মধ্যে আছেন—ডঃ আবুল কালাম আজাদ চৌধুরী, ডঃ শম ইমামুল হক, ডঃ মোঃ শাহাদত আলী, ডঃ মোঃ মোস্তফা চৌধুরী, ডঃ এটিএম জহুরুল হক, ডঃ সুলতানা শফি, ডঃ রাজীব হুমায়ূন কবির, ডঃ সৈয়দ আনোয়ার হোসেন, ডঃ মোঃ আনোয়ার হোসেন, ডঃ মোঃ মনিরুজ্জামান, ডঃ আরেফিন সিদ্দিকী, অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, ডঃ মোঃ হারুন-অর-রশীদ, রমেন্দ্র কৃষ্ণ মজুমদার, ডঃ এটিএম নূরুর রহমান খান প্রমুখ।